

উচ্চশিক্ষা

ক্লাসে না গিয়ে সরকারি কলেজশিক্ষকদের কর্মবিরতি

বিশেষ প্রতিবেদক ঢাকা

আপডেট: ১৪ অক্টোবর ২০২৫, ১৯: ১৮



কর্মবিরতির অংশ হিসেবে ঢাকা কলেজের শহীদ মিনারের সামনে অবস্থান নেন শিক্ষকেরা। এতে কলেজের অধ্যক্ষ এ কে এম ইলিয়াস হোসেনও অংশ নেন ছবি: সংগৃহীত

ঢাকার সাতটি কলেজ একীভূত করে প্রস্তাবিত ঢাকা সেন্ট্রাল ইউনিভার্সিটি করা নিয়ে পাল্টাপাল্টি কর্মসূচি ঘিরে ছাত্রকে মারধর ও শিক্ষককে হেনস্তার প্রতিবাদে রাজধানীর সায়েন্স ল্যাব মোড়ে ‘ব্লকেড কর্মসূচি’ পালন করেছেন ঢাকা কলেজের ছাত্ররা। এতে বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজের উচ্চমাধ্যমিকের ছাত্রীরাও সংহতি জানান। তাঁরা কলেজগুলোর স্বতন্ত্র বজায় রাখার দাবিতে মিছিলও করেছেন।

অন্যদিকে প্রস্তাবিত বিশ্ববিদ্যালয় করার দাবিতে আন্দোলনকারী বেশ কিছুসংখ্যক ছাত্র ঢাকা কলেজ ক্যাম্পাসে বিক্ষোভ করেছেন। তাঁদের অভিযোগ, স্নাতকের (সম্মান) এক ছাত্রকে মারধর করে পা ভেঙে দেওয়া হয়েছে। বিক্ষোভ থেকে এ ঘটনার প্রতিবাদ জানিয়ে স্লোগান দেওয়া হয়।

এদিকে শিক্ষক হেনস্তা ও শিক্ষার্থীর ওপর হামলার প্রতিবাদে সারা দেশে সরকারি কলেজ, সরকারি মাদ্রাসা ও অন্যান্য অফিসে দিনব্যাপী সর্বাঙ্গিক কর্মবিরতি ও কালো ব্যাজ ধারণ করে অবস্থান কর্মসূচি পালন করছেন বিসিএস সাধারণ শিক্ষা ক্যাডারের কর্মকর্তারা (শিক্ষক)। বিসিএস জেনারেল এডুকেশন অ্যাসোসিয়েশনের ডাকে এ কর্মসূচি পালিত হয়। এতে কোনো ক্লাস হয়নি। ঢাকা কলেজে গিয়ে দেখা যায়, শিক্ষকেরা বিভাগ ছেড়ে কলেজের শিক্ষক লাউঞ্জে জমায়েত হয়ে প্রতিবাদ জানান। এ ছাড়া কলেজের শহীদ মিনারের সামনেও কিছুক্ষণ অবস্থান করেন। এতে ঢাকা কলেজের অধ্যক্ষ এ কে এম ইলিয়াস হোসেনও অংশ নেন। জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আজকের পরীক্ষাগুলো স্থগিত করেছে।

ঢাকার সাতটি বড় সরকারি কলেজ একীভূত করে ‘ঢাকা সেন্ট্রাল ইউনিভার্সিটি’ নামে নতুন একটি বিশ্ববিদ্যালয় করতে যাচ্ছে সরকার। প্রস্তাবিত এই কাঠামো নিয়ে কলেজগুলোর শিক্ষক-শিক্ষার্থীরা ভিন্ন ভিন্ন অবস্থান নিয়েছেন এবং শিক্ষার্থী ও শিক্ষকেরা আন্দোলন করছেন। পাল্টাপাল্টি কর্মসূচি ঘিরে গতকাল সোমবার ঢাকা কলেজ ক্যাম্পাসে একপর্যায়ে ইতিহাস বিভাগের এক সহযোগী অধ্যাপককে হেনস্তা ও উচ্চমাধ্যমিক স্তরের একজন ছাত্রকে মারধর এবং কলেজের শিক্ষক লাউঞ্জ ভাঙচুর করা হয় বলে অভিযোগ ওঠে। আবার আরেক পক্ষের অভিযোগ, স্নাতকের (সম্মানের) এক শিক্ষার্থীর ওপর হাত তোলা হয়েছে এবং এক ছাত্রের পা ভেঙে যায়।

এ রকম পরিস্থিতিতে উচ্চমাধ্যমিকের ছাত্রকে মারধর ও শিক্ষক হেনস্তার প্রতিবাদে আজ মঙ্গলবার সকাল সাড়ে ১০টার দিকে ঢাকা কলেজের উচ্চমাধ্যমিকের ছাত্ররা রাজধানীর সায়েন্স ল্যাব মোড়ে জড়ো হয়ে ব্লকেড কর্মসূচি শুরু করেন। এতে ওই এলাকায় যান চলাচল বন্ধ হয়ে যায় এবং যানজট ছড়িয়ে পড়েছে মিরপুর রোডসহ আশপাশের এলাকায়।

এরপর বেলা সাড়ে ১১টার দিকে ঢাকা কলেজের অধ্যক্ষ এ কে এম ইলিয়াস হোসেন ঘটনাস্থলে গিয়ে শিক্ষার্থীদের বোঝালে তাঁরা ব্লকেড কর্মসূচি তুলে মিছিল নিয়ে নিউমার্কেটের দিকে চলে যান। এরপর ওই এলাকায় যান চলাচল শুরু হয়।

